

ঢাকা বিশ্ববিদ্যালয়

বাংলা বিভাগে ৮ জন শিক্ষকের পদ খালি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে সহযোগী ও সহকারী অধ্যাপক এবং প্রভাষকের ৮টি পদ দীর্ঘদিন হইতে শূন্য ফলে বিভাগের প্রায় (২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

বাংলা বিভাগে

(১ম পৃঃ পর)

এক হাজার ছাত্র-ছাত্রীর লেখা-পড়া বিঘ্নিত হইতেছে। শূন্য-পদগুলিতে নিয়োগের জন্য ১৯৯৩ সালে পত্রিকায় বিজ্ঞাপন দেওয়া হইয়াছিল এবং সিলেকশনের জন্য কমিটিও বসিয়াছিল। কিন্তু বিভাগের প্রভাবশালী দুইজন সিনিয়র অধ্যাপক তাহাদের পছন্দের প্রার্থীকে নিয়োগ করার জন্য জোর লবিং শুরু করিলে তৎকালীন প্রোভিসি নিয়োগদান স্থগিত ঘোষণা করেন। ১৯৯৪ সালে বিভাগীয় চেয়ারম্যান ডঃ সনজীদা খাতুনের উদ্যোগে শিক্ষক শূন্যতার অস্থ-রিধাসমূহ ব্যাখ্যা করিয়া বিশ্ব-বিদ্যালয় কর্তৃপক্ষের নিকট শিক্ষক নিয়োগের জন্য সুপারিশ করা হয়। কিন্তু অদ্যাবধি স্থগিতাদেশ প্রত্যাহার হয় মাই।

বাংলা বিভাগ হইতে অনার্স ও মাস্টার্সে প্রথম শ্রেণী প্রাপ্ত ছাত্র-ছাত্রীর সংখ্যা গত কয়েক বছরে প্রায় ৫০ জন। নিয়ম অনুযায়ী শূন্যপদ গুলিতে বিভাগের মেধাবী ছাত্র-ছাত্রীদের নিয়োগ করা হইয়া থাকে। বর্তমানে বিভাগে ৮ জন অধ্যাপক, ১০ জন সহযোগী অধ্যাপক, ৫ জন সহকারী অধ্যাপক এবং অতিরিক্ত ১ জন অধ্যাপক রহিয়াছেন।

এব্যাপারে সদ্য নিযুক্ত প্রো-ভিসি ডঃ শহীদউদ্দিন আহমদের সহিত যোগাযোগ করা হইলে তিনি বলেন, দায়িত্ব গ্রহণের পর বাংলা বিভাগের শিক্ষক নিয়োগের বিষয়ে কোন কাগজপত্র আমার নিকট আসে নাই। আগিলে সিদ্ধান্ত গ্রহণ করা হইবে।